২(

দৈনিক সংবাদ

তারিখ ...3...। JUL 1997
পৃষ্ঠা ...৪... কলাম ...৬......

## প্রাথমিক শিক্ষা বনাম শিক্ষাব্যবস্থা

আমি একটি বিদ্যালয়ের কর্মরত শিক্ষক। বিদ্যালয়ের নাম আশরাফাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়। শিক্ষা থানা মোহাম্মদপুর, ঢাকা। প্রশাসনিক থানা লালবাগ, পোস্ট–আশরাফাবাদ, কামরাঙ্গীরচর, ঢাকা–১৩১০। মাননীয় শিক্ষামন্ত্রীর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বিদ্যালয়ের অবস্থা তুলে ধরলাম। বিদ্যালয়টির শিক্ষার্থী সংখ্যা ২৫৫৯ জন, শিক্ষক পদ সংখ্যা ১৫টি, বর্তমানে কর্মরত আছেন মাত্র ৯ জন, ৬টি পদ শূন্য। বিদ্যালয়টি ২ পর্বে চলে। প্রভাতী শাখায় বালিকা সংখ্যা ১৪০৮ জন, দিবা শাখায় বালক সংখ্যা ১১৫১ জন। প্রধান শিক্ষক সম্পূর্ণভাবেই কাজের অযোগ্য (বার্ধক্যজনিত কারণে)। দিবা শাখায় প্রধান শিক্ষকসহ কর্মরত আছেন ৫ জন শিক্ষক। প্রভাতী শাখায় কর্মরত আছেন ৪ জন। প্রতি শ্রেণীতে ৪টি করে শাখা আছে। ৮টি শ্রেণী কক্ষ। ১টি শাখা চালাতেই কমপক্ষে ১০/১২ জন শিক্ষকের প্রয়োজন। সেখানে ৪ জন শিক্ষক/শিক্ষিকা কিভাবে বিদ্যালয় পরিচালনা করবেন। ১৯৯৬ সালের মাঝামাঝি প্রভাতী শাখার ২ জন ও ১৯৯৭ সালের জুলাই মাসের ১৫ তারিখে ১ জন মোট ৩ জনকে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বদলি করে নিয়ে গেছেন। যেখানে শিক্ষক/শিক্ষিকার প্রয়োজন ১ শাখায় ১২/১৩ জন সেখানে কিভাবে শিক্ষক না দিয়ে একের পর এক শিক্ষিকা অন্যত্র বদলি করেন তা আদৌ বোধগম্য নয়। শিক্ষক/শিক্ষিকার জন্য বহু আবেদন নিবেদন করেছি, শিক্ষক পাইনি। বরং হারিয়েছি। ৪/৫ জন শিক্ষক/শিক্ষিকার পক্ষে ১৪০৮/১১৫১ জন শিক্ষার্থীকে শিক্ষাদান মোটেও সম্ভবপর নয়। এমতাবস্থায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রীসহ শিক্ষা বিভাগীয় সকল কর্মকর্তার নিকট আবেদন উক্ত বিদ্যালয়ে কর্মরত সকল শিক্ষক/শিক্ষিকাকে ঢাকা মহানগরীর অন্যান্য বিদ্যালয়ে বদলি করে জানে বাঁচান। নয়তো প্রয়োজনীয় শিক্ষক/শিক্ষিকা উক্ত বিদ্যালয়ে নিয়োগ অথবা বদলি করে এনে ২৫৫৯ জন শিক্ষার্থীর সুষ্ঠু পাঠদানের ব্যবস্থা করুন।

সকল শিক্ষকের পক্ষে
মোঃ নূরুল হক
সহকারী প্রধান শিক্ষক,
আশরাফাবাদ সঃ প্রাঃ বিদ্যালয়,
কামরাঙ্গীরচর, ঢাকা।